

সাতক্ষীরা জেলাধীন আশাশুনি উপজেলার স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহ কমিটির কার্যবিবরণী :

সভাপতি : জনাব অসীম বরন চক্রবর্তী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
সভার তারিখ : ১৯/০৫/২০২২ খ্রিঃ
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা,
সভার স্থান : আশাশুনি উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্ট্রারে সংরক্ষিত আছে।

আলোচ্য সূচিঃ ০১। সভার শুরুতে সম্মানিত সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভার সদস্য সচিব জনস্বাস্থ্য প্রকৌশলী কে তার মূল্যবান বক্তব্য প্রদানের জন্য আহ্বান করেন।

০২। সভার সদস্যসচিব উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আশাশুনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে গত মিটিং এর রেজুলেশন পাঠ করেন এবং উপস্থিত কারো কোন আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৩। এরপর উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আশাশুনি বলেন মুজবি শতবর্ষের ১ম ফেজের গৃহহীনদের প্রতি ঘরের জন্য ১৫১ টি পানির ট্যাংকির কাজ শেষ হয়েছে। মুজবি শতবর্ষের ২য় ফেজের বিভিন্ন ইউনিয়নের ২২০ টি পানির ট্যাংকির বরাদ্দ পাওয়া গেছে এবং তালিকা অনুযায়ী দ্রুত কাজ শুরু হবে। তিনি সকল কাজের অগ্রগতির জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

০৪। এরপর সম্মানিত সভাপতি মহোদয় উন্নয়ন মূলক কাজের ধারা অব্যাহত রেখে সকলকে ধন্যবাদ জানিয়ে আজকের সভা শেষ করেন।

(অসীম বরন চক্রবর্তী)
ভাইস চেয়ারম্যান
ও

সভাপতি স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহ কমিটি
আশাশুনি, সাতক্ষীরা।

তারিখঃ ১৯-০৫-২০২২ ইং

স্মারক নংঃ- ৪৬.০৩.৮৭০৪.৩০১.০০০.০০.১৯- ২৫৩
অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :-

- ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
- ২। চেয়ারম্যান, কূল্যা ইউনিয়ন পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
- ৩। চেয়ারম্যান, শ্রীউলা ইউনিয়ন পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
- ৪। চেয়ারম্যান, প্রতাপনগর ইউনিয়ন পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।

(মোঃ মোস্তাফিজুর রহমান)

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

ও

সদস্য সচিব

স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহ কমিটি
আশাশুনি, সাতক্ষীরা।